

INTERNATIONAL
NUTRITION
OLYMPIAD 2024

“স্মার্ট ভবিষ্যত প্রজন্ম গড়ে তুলতে কিশোর-কিশোরীদের পুষ্টি”

নাটক প্রতিযোগিতা নির্দেশিকা

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান পাওয়ার সুযোগ পেতে পারে। ২০১৭ সাল থেকে বিড ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে শিশু, কিশোর কিশোরী ও তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ১৭ - ১৮ এপ্রিল, ২০২৪ তারিখে ঢাকা, বাংলাদেশে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৪ অনুষ্ঠিত হবে। শিশু, কিশোর-কিশোরী এবং তরুণ-তরুণীদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৪ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে নাটক সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। ৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ “নাটক প্রতিযোগিতায়” অংশগ্রহণ করতে পারবে। “নাটক প্রতিযোগিতায়” অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হল:

বয়সের গ্রুপঃ

গ্রুপ ক	গ্রুপ খ	গ্রুপ গ
৬-১০	১১-১৮	১৯-২৪

প্রতিপাদ্য বিষয়ঃ

গ্রুপ কঃ “স্বাস্থ্যকর খাবার বনাম অস্বাস্থ্যকর খাবার”

গ্রুপ খঃ “খাদ্য অপচয় রোধ হোক বাড়িতেই”

গ্রুপ গঃ “সুস্থ মা, পরিপুষ্ট শিশু”

যোগ্যতাঃ

- INO ২০২৪ রেজিস্ট্রেশন লিঙ্কের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে।
- বয়সসীমার মধ্যে যে কোনো প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- অংশগ্রহণকারী (বা অভিভাবক) অথবা প্রতিষ্ঠানের নূন্যতম তথ্য প্রযুক্তি সুবিধা থাকতে হবে (ফোন, ই-মেইল বা হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট)।
- অংশগ্রহণকারীরা একক বা দলগতভাবে অংশগ্রহণ করতে পারে (সর্বোচ্চ ৫ সদস্য)। বিভিন্ন প্রতিষ্ঠানের অংশগ্রহণকারীরাও একত্রে দল গঠন করতে পারে।

রেজিস্ট্রেশনঃ

প্রতিযোগীদের ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৪ এর ওয়েবসাইট থেকে রেজিস্ট্রেশন করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় ‘নাটক প্রতিযোগিতা’ নির্বাচন করতে হবে। রেজিস্ট্রেশন করতে ক্লিক করুনঃ www.nutritionolympiad.net

রেজিস্ট্রেশনের শেষ সময়ঃ **মার্চ ১৫, ২০২৪** (রাত ১১ টা, ঢাকা সময়) [রেজিস্ট্রেশনের সময়ও নাটক জমা দেয়া যাবে]

প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনাঃ

ভাষাঃ বাংলা বা ইংরেজি।

নাটকের সময়কাল এবং কাঠামোঃ প্রাথমিক নির্বাচনের জন্য মোট ৩ মিনিট ৩০ সেকেন্ড এবং চূড়ান্ত পর্বের জন্য ৫ মিনিট।

সময়	বিষয়
১০ সেকেন্ড	নিজেদের পরিচিতি (নাম, বয়স, এলাকা)
২০ সেকেন্ড	বিষয়বস্তুর সংক্ষিপ্ত বিবরণ
০৩ মিনিট	নাটক উপস্থাপন

জমা এবং প্রাথমিক নির্বাচনঃ

অংশগ্রহণকারীরা অনলাইনে জুমের মাধ্যমে বা তাদের নিজ নিজ স্কুলে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। প্রতিটি স্কুল সর্বোচ্চ সেরা ৫ টি নাটক নির্বাচন করবে। নির্বাচিত নাটক নাম, বয়স এবং প্রতিষ্ঠানের নাম সহ ইমেইল বা গুগল ফর্মে আপলোড [ভিডিও রেকর্ড (সর্বোচ্চ আকার ১০০ MB)] এর মাধ্যমে জমা দেওয়া যাবে। প্রতিযোগিতা চলাকালীন অনলাইনে অংশগ্রহণকারীদের অবশ্যই তাদের ক্যামেরা চালু রাখতে হবে।

নাটক জমা দেয়ার শেষ সময়ঃ মার্চ ২০, ২০২৪ (রাত ১১ টা, ঢাকা সময়)

চূড়ান্ত প্রতিযোগিতাঃ

প্রতিটি বয়সের গ্রুপ থেকে ৫ (পাঁচ) টি দল বা প্রতিযোগীকে চূড়ান্ত প্রতিযোগিতার জন্য নির্বাচন করা হবে যারা চূড়ান্ত প্রতিযোগিতায় INO ২০২৪-এ অভিনয় করবে। INO ২০২৪-এর সমাপনী অনুষ্ঠানে প্রতিটি গ্রুপ থেকে সেরা নাটককে বিজয়ী হিসাবে ঘোষণা করা হবে।

স্কোরঃ

ক্রম	ধরণ	নাম্বার
০১	মূল বিষয়ের পরিচিতি	৩০
০২	পোশাক	১৫
০৩	স্পষ্ট ভাষা	২০
০৪	অভিনয়	২৫
০৫	নিয়ম অনুসরণ	১০
মোট		১০০

বিশেষ দ্রষ্টব্যঃ

- যেকোন ধরনের অসৎ আচরণ করার চেষ্টাকে অযোগ্য ঘোষণা করা হবে।
- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- প্রতিটি বয়স গ্রুপ থেকে সেরা ৩ টি (তিন) নাটককে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৪ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।
- নির্বাচিত নাটকগুলো INO, নিউট্রিশন ক্লাব এবং BIID ফাউন্ডেশনের ওয়েবসাইটে আপলোড করা হতে পারে।

যোগাযোগঃ

নাটক প্রতিযোগিতা সম্পর্কে আপনার যে কোন তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুনঃ +৮৮০১৭৮২৫১০০৮৯, +৮৮০২৮৭১৪১৬৯ অথবা ই-মেইল: ino@biid.org.bd

একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৫টি (পাঁচ) প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।